দৈনিক বাংলা

তারিখ … 12/2/80 … পৃষ্ঠা … 3 … কলাম … 1 …



# চলচ্চিত্র ইনস্টিটিউট

চলচ্চিত্র শিল্প আমাদের দেশে আশানুরূপ অগ্রগতি অর্জন করেছে এমন দাবী কেউ করতে পারেনা। কি কাহিনী নির্বাচনে, কি অভিনয়ে, কি কলা-কৌশলে—কোন ক্ষেত্রেই চোখে পড়ার মত কৃতিত্বের স্বাক্ষর কেউ রাখতে পেরেছেন একথা বলা যাবে না। মোটামুটিভাবে রসোত্তীর্ণ অথবা শিল্পোত্তীর্ণ হয়েছে এমন চলচ্চিত্রের সংখ্যা খুবই কম। এতই কম যে দু-একটি ভাল চলচ্চিত্র এবং দু-একজন ভাল পরিচালককে এখানে ব্যতিক্রমী বলে ধরে নেয়া হয়।

আমাদের দেশে তৈরি অধিকাংশ চলচ্চিত্রের মান উন্নত নয়—একথায় সবাই একমত। কিন্তু এখানে উন্নতমানের চলচ্চিত্র হতে পারে না একথা নিশ্চয়ই কেউ মেনে নেবেন না। চেষ্টা করলে এবং উপযুক্ত ব্যবস্থা নেয়া হলে অবশ্যই উন্নতমানের ছবি তৈরি হতে পারে। তবে এর জন্য সুপরিকল্পিত প্রচেষ্টা প্রয়োজন।

তথ্য ও বেতারমন্ত্রী জনাব হাবিবুল্লাহ খান এক ফিল্ম ওয়ার্কশপ উদ্বোধনের সময় জানিয়েছেন, বাংলাদেশ ফিল্ম ইনস্টিটিউট চলতি বছরের মধ্যেই কাজ শুরু করবে বলে আশা করা যায়। তিনি জানান, সরকার শীগগীরই বাংলাদেশ চলচ্চিত্র সংসদগুলির রেজিস্ট্রেশন ও তৎপরতা নিয়ন্ত্রণের বিধান সম্বলিত একটি আইন প্রবর্তন করবেন। ফিল্ম ইনস্টিটিউট চালু হলে দেশী চলচ্চিত্রের মান উন্নয়নে তা বিশেষভাবে সহায়ক হবে বলে আশা করা যায়। পরিচালক, অভিনেতা, অভিনেত্রী, টেকনিশিয়ান—সকলেই সেখানে প্রয়োজনীয় প্রশিক্ষণ গ্রহণ করতে পারবেন। এই প্রশিক্ষণ আমাদের চলচ্চিত্র শিল্পের মান উন্নয়নের ক্ষেত্রে অর্থবহ অবদান রাখবে, তা প্রত্যাশিত। তবে অভীষ্ট উদ্দেশ্য অর্জনের জন্য চলচ্চিত্র ইনস্টিটিউটে যেমন সবরকম সর্বাধুনিক সাজসরঞ্জাম থাকতে হবে, তেমনি থাকতে হবে নিজস্ব ফিল্ম আর্কাইভসও। সেখানে রাখতে হবে বিশ্বের সবরকম উন্নত ছবির কপি। এগুলি দেখে একদিকে যেমন প্রশিক্ষণার্থীরা চলচ্চিত্র সংক্রান্ত সকল উন্নত কলাকৌশল শিখতে পারবেন, অন্যদিকে তেমনি সম্ভব হবে নকল প্রতিরোধ করাও।

সর্বতোভাবে একটি রসোত্তীর্ণ শিল্পোত্তীর্ণ ছবি তৈরির জন্য অভিনয় ও প্রকৌশলগত ট্রেনিং ছাড়াও আরও কতিপয় বিষয় অত্যাবশ্যক। ছবির কাহিনী মনোগ্রাহী হতে হবে, সংলাপ হতে হবে চিত্তাকর্ষক এবং সবকিছুতে থাকতে হবে শিল্পসম্মত পরিমিতি বোধ। যেখানে-সেখানে গান ও নাচ জুড়ে দেয়ার প্রবণতা পরিহার করতে হবে। চলচ্চিত্র কমার্শিয়াল হোক, আপত্তি নেই, কিন্তু তা হতে হবে রুচিশীল ও শিল্পগুণসম্পন্ন। চলচ্চিত্র শিল্পের স্বার্থেই আমাদের ছবিগুলির সর্বাঙ্গীণ মান উন্নয়ন অত্যাবশ্যক।